তারিখ 15 MAY 2016
পৃষ্ঠা ২০ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

# হত্যাকারীদের বিচার হবে শিক্ষা কার্যক্রম চালু রাখুন

## রাবিতে অধ্যাপক রেজাউল হত্যার প্রতিবাদ সমাবেশে তিন মন্ত্রী

■ রাবি সংবাদদাতা

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, 'রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডে জড়িত অপরাধীদের খুব শিগগিরই সামনে আনা হবে এবং বিচারের কাঠগড়ায় দাঁড় করবো। আমরা খুব কাছাকাছি এসে গেছি। বিশ্ববিদ্যালয়সহ সারা রাজশাহীতে পুলিশের টহল বাড়ানো হবে। আপনাদের কাছে বিশেষ অনুরোধ, শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখুন।

গতকাল শনিবার দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকাণ্ডের প্রতিবাদ ও দোষীদের শাস্তি দাবিতে আয়োজিত শিক্ষক-ছাত্র-সুধী সমাবেশে তিনি এসব কথা বলেন।

নিহত শিক্ষকের মেয়ে শতভির উদ্দেশে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আপনি অবশ্যই আপনার বাবা হত্যার বিচার দেখতে পাবেন।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহ'র সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ্ আজমের সঞ্চালনায় সমাবেশে আরো বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, আইজিপি এ কে এম শহীদুল হক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন, উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক মাকসুদ কামাল, বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সভাপতি ড. এএফএম মাসউদ আখতার ও নিহত পৃষ্ঠা ২ কলাম ৩

## হত্যাকারীদের বিচার হবে

২০ পৃষ্ঠার পর

শিক্ষকের মেয়ে রিজওয়ানা হাসিন শতভি প্রমুখ। এর আগে সমাবেশের শুরুতে নিহত শিক্ষকের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'দেশের সবচেয়ে বড় পরিবার হলো শিক্ষা পরিবার। সেই পরিবারের অভিভাবক শিক্ষক হত্যার বিচার না হলে শিক্ষার পরিবেশ স্বাভাবিক রাখা সম্ভব নয়। আমরা চাই এই হত্যার তদন্ত দ্রুত করা হোক এবং অপরাধীদের দ্রুত বিচার করা হোক। এ ধরনের হত্যাকাণ্ড প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান তিনি।

পররাষ্ট্রমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেন, 'আপনাদের ভীত হলে চলবে না। ভীতি তৈরি করার জন্যই এসব হত্যাকাণ্ড ঘটাচ্ছে।

পুলিশের মহাপরিদর্শক একেএম শহীদুল হক বলেন, আমরা তদন্তের স্বার্থে অনেক কিছু বলতে পারি না। পুলিশ নীরব নেই, তারা কাজ করে যাচ্ছে। পুলিশের প্রতি আপনাদের আস্থা রাখতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন বলেন, দীর্ঘকাল ধরে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে ঘিরে চক্রান্ত হয়ে আসছে। এই বিশ্ববিদ্যালয়কে ধ্বংস করার সব ধরনের প্রয়াস নেয়া হয়েছে। এতে বাইরের শক্তির সঙ্গে ভেতরের শক্তিও জড়িত।